অত্যাবশ্যকীয় কৃষি পণ্যের বাজারদরের

মাসিক পর্যালোচনামূলক প্রতিবেদন

ফেব্রুয়ারি - ২০১৫

গবেষণা ও উন্নয়ন শাখা

কৃষি বিপণন অধিদপ্তর

খামারবাড়ি, ফার্মগেট

ঢাকা-১২১৫

www.dam.gov.bd

ফেব্রুয়ারি–২০১৫ মাসে ধান,চাল,গম ও ভুট্টা ফসলের বাজারদর ভিত্তিক পরিস্থিতি প্রতিবেদন

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত জাতীয় গড় বাজারদর তথ্য অনুযায়ী জানুয়ারি / ২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি -২০১৫ মাসে ধান, চাল,গম,আটা ও ভুট্টা-র বাজারদর ভিত্তিক পর্যবেক্ষণ প্রতিবেদন নিম্নমরূপঃ

১। বাজারদর হ্রাস/বৃদ্ধি পরিস্থিতিঃ

ফেব্রুয়ারি -২০১৫ মাসে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহান্তিক বাজারদর বুলেটিন কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে সংকলন করা হয়েছে। সংকলিত উক্ত বাজারদর তথ্যের মাধ্যমে ধান,চাল, গম ,আটা ও ভুট্টা-র প্রাপ্ত জাতীয় গড় বাজারদর জানুয়ারি / ২০১৫ মাসের বাজারদরের সাথে তুলনামূলকভাবে নিম্ন সারণীতে দেখানো হলোঃ

সারণী - ক (মূল্য টাকায়)

	ফেব্রুয়ারি /১৫ মাসের গড় বাজারদর		জানুয়ারি / ২০১৫ মাসের গড় বাজারদর		এক মাসের ব্যবধানে দামের হ্রাস/বৃদ্ধি		শতকরা হারে দামের হ্রাস/বৃদ্ধি	
ফসল	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতিকেজি	প্রতি কুইন্টাল	প্রতিকেজি	কুইন্টালে	কেজিতে
মোটা চাল	২৯১৪	৩১.৩৩	২৯২৩	৩১.৩৮	-৯	-০.০৫	-০.৩১%	-০.১৬%
মাঝারী চাল	৩৪৭০	৩৭.০৩	৩৪৪৭	৩৬.৬৩	২৩	০.৪০	০.৬৭%	১.০৯%
সরু চাল	৪৪৬২	৪৭.১৬	৪৩৯২	৪৬.৪৪	৭০	০.৭২	১.৫৯%	১.৫৫%
গম	২২৮৩	২৪.২৩	২৩৪২	২৫.৩৫	-৫৯	-১.১২	-২.৫২%	-৪.৪২%
আটা	২৮৪৩	৩০.৯২	২৮৪৩	৩০.৮৫	০	০.০৭	০.০০%	০.২৩%
ভুট্টা	১৭৬৬	২০.৫৩	১৬৫৬	১৯.৫৯	১১০	০.৯৪	৬.৬৪%	৪.৮০%

উপরোক্ত বাজারদর সারণীতে দেখা যায়, জানুয়ারি-২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি -২০১৫ মাসে মোটা চাল ও গম ব্যতীত সকল প্রকার চাল এর পাইকারী ও খুচরা দাম উভয়ই সামান্য বৃদ্ধি পেয়েছে। তবে আটার পাইকারী দাম অপরিবর্তিত এবং খুচরা দাম সামান্য বৃদ্ধি পেয়েছে। ভুট্টা এর পাইকারী দাম ও খুচরা দাম উভয়ই বৃদ্ধি পেয়েছে।

সারণী অনুযায়ী এক মাসের ব্যবধানে চাল মাঝারি ও সরু এর পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি যথাক্রমে ২৩/- ও ৭০/- টাকা বৃদ্ধি পেয়েছে। মাঝারি চালের খুচরা গড় দাম কেজি প্রতি ০.৪০/-টাকা এবং সরু চালের খুচরা গড় দাম কেজি প্রতি ০.৭২/-টাকা বৃদ্ধি পেয়েছে। মোটা চালের পাইকারী গড় দাম ৯/- টাকা এবং খুচরা গড় দাম কেজি প্রতি ০.০৫/- টাকা হ্রাস পেয়েছে। ফেব্রুয়ারি -২০১৫ মাসে আটার পাইকারী গড় দাম অপরিবর্তিত ও খুচরা গড় দাম কেজি প্রতি ০.০৭/- টাকা বৃদ্ধি পেয়েছে । ফেব্রুয়ারি -২০১৫ মাসে গমের পাইকারী গড় দাম হ্রাস পেয়েছে ৫৯/-টাকা এবং খুচরা গড় দাম হ্রাস পেয়েছে ১.১২/-টাকা । এছাড়া ফেব্রুয়ারি -২০১৫ মাসে ভূট্টার পাইকারী ও খুচরা দাম বৃদ্ধি পেয়েছে। ভূট্টার পাইকারী গড় দাম কুইন্টাল প্রতি ১১০/- টাকা ও খুচরা গড় দাম কেজি প্রতি ০.৯৪/- টাকা বৃদ্ধি পেয়েছে । ফেব্রুয়ারি -২০১৫ মাসে উপর্যুক্ত ফসলগুলোর বাজারদর পরিবর্তনের চিত্র একনজরে দেখা যায়। গ্রাফে বাজারদর পরিবর্তনের চিত্র নিম্নরূপঃ

পাইকারী হিসেবে প্রতি কুইন্টালের বাজারদরে পরিবর্তন	খুচরা হিসেবে প্রতি কেজির বাজারদরে পরিবর্তন





ফেব্রুয়ারি -২০১৪ মাসের বাজারদর পরিস্থিতি পর্যালোচনায় বিগত বছরগুলোর সাথে চলতি বছরের ফেব্রুয়ারি -২০১৫ মাসের বাজারদর তুলনা করা যেতে পারে। সুতরাং ফেব্রুয়ারি /২০১৫ মাসের গড় বাজারদরকে কেন্দ্রবিন্দু ধরে বিগত ০৫ বছরের গড় বাজারদর তথ্য নিম্নে দেখানো হলোঃ

সারণী - খ (প্রতি কুইন্টালের পাইকারী ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

মাস / ফসল	ফেব্রুয়ারি -১১	ফেব্রুয়ারি -১২	ফেব্রুয়ারি -১৩	ফেব্রুয়ারি -১৪	ফেব্রুয়ারি -১৫
মোটা চাল	৩২৪১	২৫১৮	২৬২৫	৩১০২	২৯১৪
মাঝারী চাল	৩৭২৭	৩০০৪	৩২০৬	৩৫৪০	৩৪৭০
সরু চাল	৪৪৬৭	৪০১০	৪০৯৮	৪৪৯৩	৪৪৬২
লাল গম	২৪৮১	২১১৬	২৫৫৮	২৩২৯	২২৮৩
খোলা আটা	২৬৮৪	২৬৬৬	৩০৪৪	২৮৯৪	২৮৪৩
ভুট্টা	২০০৬	২০৭৭	২১৫৩	১৯১৬	১৭৬৬

তথ্যসূত্রঃ বাজার তথ্য পরিসংখ্যান, ডিএএম

সারণী - গ (প্রতি কেজির খুচরা দামের ভিত্তিতে জাতীয় গড় বাজার দর)

মাস / ফসল	ফেব্রুয়ারি -১১	ফেব্রুয়ারি -১২	ফেব্রুয়ারি -১৩	ফেব্রুয়ারি -১৪	ফেব্রুয়ারি -১৫
মোটা চাল	৩৪.৩৫	২৭.৪১	২৮.৫০	৩৩.০৬	৩১.৩৩
মাঝারী চাল	৩৯.৩৫	৩১.৯৬	৩৪.২৬	৩৭.৫৮	৩৭.০৩
সরু চাল	৪৭.৩৫	৪২.৭৪	৪৩.৬৫	৪৭.২১	৪৭.১৬
লাল গম	২৬.৮৬	২৩.১১	২৭.৮৮	২৫.০২	২৪.২৩
খোলা আটা	২৮.৮৯	২৮.৯৪	৩২.৭৭	৩১.৪৬	৩০.৯২
ভুট্টা	২১.৯০	২৩.৩৪	২৪.০০	২২.২৩	২০.৫৩

২০১৪ সালের সাথে চলতি বছরের একই সময়ের অর্থাৎ ফেব্রুয়ারি /২০১৫ মাসের বাজারদর তথ্যের তুলনামূলক উপস্থাপন চালের বাজারদর হ্রাস-বৃদ্ধির পরিমান দেখতে সাহায্য করবে।

নিম্নে তুলনামূলক বাজারদর-এর গ্রাফিক উপস্থাপন করা হলোঃ



গ্রাফে ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসের তুলনায় ২০১৫ সালের ফেব্রুয়ারি মাসে মোটা মানের চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে। এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর মোটা চালের বাজারদর কম। ফেব্রুয়ারি/২০১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারি /২০১৫ মাসে মোটা চালের মূল্য হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৩১০২-২৯১৪) =১৮৮/- টাকা ।



গ্রাফে ফেব্রুয়ারি/২০১৪ সালের তুলনায় ফেব্রুয়ারি/২০১৫ সালে মাঝারী মানের চালের বাজার দরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে । এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর মাঝারী মানের চালের বাজারদর কম। ফেব্রুয়ারি /২০১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারি /২০১৫ মাসে মাঝারী মানের চালের মূল্য হ্রাসের হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৩৫৪০-৩৪৭০)=৭০/-



গ্রাফে ফেব্রুয়ারি /২০১৪ সালের তুলনায় ফেব্রুয়ারি /২০১৫ সালে সরু মানের চালের বাজারদরের হ্রাস-বৃদ্ধির হার দেখানো হয়েছে । এখানে দেখা যাচ্ছে যে, গত বছরের একই সময়ের তুলনায় এ বছর সরু মানের চালের বাজারদর কম । ফেব্রুয়ারি /২০১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারি /২০১৫ মাসে সরু চালের মূল্য হ্রাসের ব্যবধান প্রতি কুইন্টালে (৪৪৯৩-৪৪৬২)=৩১/- টাকা।

২। বাজারদর প্রবনতাঃ

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সংকলিত গত ০৬ মাসে ধান,চাল,গম,আটা ও ভুট্টা ফসলের জাতীয় গড় বাজারদর চিত্র নিম্নমরূপঃ

সারনী -গ

প্রতি কুইন্টালের (১০০ কেজি) পাইকারী গড় বাজারদর

পণ্য	বিবরণ	সেপ্টেম্বর / ১৪	অক্টোবর/ ১৪	নভেম্বর/ ১৪	ডিসেম্বর/ ১৪	জানুয়ারি / ১৫	জানুয়ারি/ ১৫
চাল	মোটা	৩১০৯	৩১৩৬	৩১১৩	২৯৩৪	২৯২৩	২৯১৪
	মাঝারী	৩৬০৫	৩৬৫৪	৩৬৫১	৩৪১৭	৩৪৪৭	৩৪৭০
	সরু	৪৩৬৮	৪৩৮৯	৪৪১১	৪৩৫১	৪৩৯২	৪৪৬২
গম	লাল	২২৩৮	২২৬৮	২২৭৬	২২৯১	২৩৪২	২২৮৩
আটা	খোলা	২৬৩৬	২৬৪৬	২৩৬৩	২৭২৩	২৮৪৩	২৮৪৩
ভুট্টা	রবি	১৫৯৬	১৫৬৭	১৫৬২	১৫৮৭	১৬৫৬	১৭৬৬

- এক মাসের ব্যবধানে লাল গমে কুইন্টাল প্রতি মূল্য হ্রাস পেয়েছে ৫৯/- টাকা।
- ফেব্রুয়ারি /২০১৫ সালে খোলা আটায় কুইন্টাল প্রতি মূল্য অপরিবর্তিত রয়েছে।

সারনী -ঘ

প্রতি কেজির খুচরা গড় বাজারদর

পণ্য	বিবরণ	সেপ্টেম্বর / ১৪	অক্টোবর/ ১৪	নভেম্বর/ ১৪	ডিসেম্বর/ ১৪	জানুয়ারি / ১৫	জানুয়ারি/ ১৫
চাল	মোটা	৩৩.১৪	৩৩.৩৯	৩৩.১৭	৩১.৫২	৩১.৩৮	৩১.৩৩
	মাঝারী	৩৮.১৯	৩৮.৭৫	৩৮.৭৫	৩৬.৩৪	৩৬.৬৩	৩৭.০৩
	সরু	৪৬.০৭	৪৬.২২	৪৬.৫২	৪৬.১৭	৪৬.৪৪	৪৭.১৬
গম	লাল	২৩.৮৮	২৫.০৩	২৫.২৫	২৫.৩০	২৫.৩৫	২৪.২৩
আটা	খোলা	২৯.১২	২৯.১৯	২৯.১৭	২৯.৭৩	৩০.৮৫	৩০.৯২
ভুট্টা	রবি	১৯.১৭	২০.৬৩	১৯.৫০	১৯.৫৫	১৯.৫৯	২০.৫৩

- এক মাসের ব্যবধানে লাল গম কেজি প্রতি খুচরা মূল্য ১.১২/- টাকা হ্রাস পেয়েছে।
- এবং ফেব্রুয়ারি /২০১৫ সালে খোলা আটায় কেজি প্রতি খুচরা মূল্য ০.০৭/- টাকা বৃদ্ধি পেয়েছে।

সারনী অনুযায়ী আটার বাজারদর বৃদ্ধি পেয়েছে। নিম্নে গ্রাফে দর হ্রাস ও বৃদ্ধির গতি দেখানো হলোঃ

জানুয়ারি /১৫ ও ফেব্রুয়ারি /১৫ মাসে গম-আটার পাইকারী দর হ্রাস-বৃদ্ধির চিত্র



জানুয়ারি /১৫ ও ফেব্রুয়ারি /১৫ মাসে গম-আটার খুচরা দর হ্রাস-বৃদ্ধির চিত্র



জানুয়ারি/১৫ ও ফেব্রুয়ারি /১৫ মাসের উপর্যুক্ত তুলনামূলক বাজারদর সারণী ও গ্রাফে প্রতিফলিত হয় যে, জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি /১৫ মাসে গম এর পাইকারী ও খুচরা দাম উভয়ই হ্রাস পেয়েছে। তবে আটার পাইকারী দাম অপরিবর্তিত এবং খুচরা দাম সামান্য বৃদ্ধি পেয়েছে এবং ভূট্টার পাইকারী ও খুচরা দাম সামান্য বৃদ্ধি পেয়েছে।

৩। চাল ও গম এর আমদানীর তুলনামূলক হালচিত্রঃ-

চাল	ফেব্রুয়ারি /২০১৪ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০	ফেব্রুয়ারি /২০১৫ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০
সরকারী পর্যায়ে	-	-
বেসরকারী পর্যায়ে	২৯২.০০	৮৫৬.৬২
মোট =	২৯২.০০	৮৫৬.৬২

চাল এর আমদানীর তুলনামূলক চিত্র



গম	ফেব্রুয়ারি /২০১৪ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০	ফেব্রুয়ারি /২০১৫ মাসে আমদানীর পরিমান (মেঃ টনে) ০০০
সরকারী পর্যায়ে	৫৮১.০০	৬৮৫.০০
বেসরকারী পর্যায়ে	১৩০১.৯০	১৭৫৯.৭০
মোট =	১৮৮২.৯০	২৪৪৪.৭০

তথ্য সূত্রঃ- এম আই এস ডিজি ফুড।

গম এর আমদানীর তুলনামূলক চিত্র



৪। চাল ও গমের তুলনামূলক আন্তর্জাতিক বাজারদর এর হালচিত্রঃ

চাল(সাদা, থাই ১০০% বি গ্রেড		হ্রাস-বৃদ্ধি (%)	গম (SRW -2)		হ্রাস-বৃদ্ধি (%)
ফেব্রুয়ারি /২০১৪	ফেব্রুয়ারি /২০১৫		ফেব্রুয়ারি /২০১৪	ফেব্রুয়ারি /২০১৫	
৪২৫.০০	৩৯৫.০০	-৭%	২৮৪.০০	২৩২.০০	-১৮.৩০%

তথ্য সূত্রঃ-International Commodity Prices (CIWP).

পর্যালোচনাঃ

চালঃ- ফেব্রুয়ারি /২০১৪ মাসের তুলনায় এ বছর ফেব্রুয়ারি /২০১৫ মাসে চালের আন্তর্জাতিক বাজার মূল্য সামান্য হ্রাস পেয়েছে। যা শতকরা হিসেবে ৭% মূল্য হ্রাস ঘটেছে।

গমঃ- ফেব্রুয়ারি /২০১৪ বছরের তুলনায় এ বছর ফেব্রুয়ারি /২০১৫ মাসে গমের আন্তর্জাতিক বাজার মূল্য সামান্য হ্রাস পেয়েছে। যা শতকরা হিসেবে ১৮.৩০% মূল্য হ্রাস ঘটেছে ।

গম ও আটার বাজারদর বৃদ্ধির যে কারণগুলো পাওয়া যায় সংক্ষেপে তা নিম্নরুপঃ

ক) আন্তর্জাতিক বাজার মূল্য বৃদ্ধি ।

খ) সার ব্যতীত অন্যান্য উপকরণের মূল্য বৃদ্ধি ।

গ) ব্যবসায়ীদের যোগসাজসে মূল্য বৃদ্ধি।

ঘ) সরকারী মনিটরিং ব্যবস্থা অপ্রতুল।

ঙ) কার্যকর বিতরণ ব্যবস্থার অভাব।

৫ । **বাজারদর নিয়ন্ত্রিত পর্যায়ে রাখার সম্ভাব্য সুপারিশঃ**

আভ্যন্তরীন বাজারে ধান-চাল ও গম-আটার বাজারদর-এ হ্রাসের প্রবণতা লক্ষ্যে করা যাচ্ছে। এ পরিস্থিতিতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা গেলে বাজার পরিস্থিতি কৃষক ভোক্তার সহায়ক হবে।

- মৌসুমে সরাসরি কৃষকদের কাছ থেকে ধান/চাল/গম ক্রয় করা হলে একদিকে কৃষক যেমন ন্যায্যমূল্য পাবে। অন্যদিকে বাজারমূল্য সহনীয় থাকবে।
- ধান চালের সরকারী মজুদের ধারন ক্ষমতা বাড়ানো যেতে পারে।
- ধানের উৎপাদন খরচ হ্রাসের লক্ষ্যে কৃষি উপকরণের উপর ভর্তূকি প্রদান সহ সরকার প্রদত্ত কৃষি সহায়তাসমূহ সরাসরি কৃষকের নিকট পৌঁছানোর কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- সেচ মৌসুমে বিদ্যুতের লোডশেডিং ও তেলের মূল্য বেশী হওয়ায় তাদের উৎপাদন খরচ বেড়ে যায়। সেক্ষেত্রে সেচ মৌসুমে তেলের মূল্য ও লোড শেডিং সহনীয় পর্যায়ে রাখার ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ।
- কৃষকদের জন্য স্বল্প সূদে ও সহজ শর্তে ব্যাংক ঋণের ব্যবস্থা গ্রহন।
- মৌসুমে স্বল্প মূল্যে কৃষি পণ্য বিক্রয়ের (Distress Sale) মাধ্যমে কৃষকরা যাতে ক্ষতির স্বীকার না হন সেলক্ষ্যে শস্য গুদাম ঋণ কার্যক্রম জোড়দার করণ এবং সারা দেশ ব্যাপী সম্প্রসারণের উদ্যোগ গ্রহন করা।
- কৃষি পণ্যের সুষ্ঠু বিপণনের জন্য বিপণন ব্যয়, ব্যবসায়ীদের লভাংশ ইত্যাদি বিষয়ে সমীক্ষা করে বিপণনের সমস্যা চিহিতকরণ এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন ও বিপণন ব্যয় হ্রাসের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।
- কৃষকদের উৎপাদিত ধান-চাল সরাসরি ভোক্তা ও বাজারে বিক্রয়ের জন্য বিপণন সুবিধা (পরিবহণ, যোগাযোগ, গুদামজাত, ঋণ সুবিধা) ইত্যাদি নিশ্চিত করা।
- উৎপাদন চাহিদা ও সরবরাহের মধ্যে সমন্বয় সাধন করা।
- সাময়িকভাবে সরকারী ও বেসরকারী পর্যায়ে চাল আমদানী বন্ধ রাখা। প্রয়োজনে স্বল্প পরিসরে চাল রপ্তানির বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

- বাজারে ধানের দামের নিম্নমূখিতা এবং সরবরাহের পর্যাপ্ততার সময় কৃষকদের স্বার্থে আভ্যন্তরীন বাজার থেকে উদ্বৃত্ত ধান একটি নির্দিষ্ট সময়ের জন্য সরকার ক্রয় করবে এবং দামের উর্ধ্বমূখিতা ও সরবরাহের স্বল্পতার সময় তা বাজারে ছেড়ে দিয়ে দাম ও সরবরাহের স্থিতিশীলতার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।
- কৃষক, মিল মালিক/ব্যবসায়ী এবং সরকারী সংস্থা সমূহের মধ্যে উৎপাদন, মজুদ ও বাজারদর এবং সরকারী নীতিমালা বিষয়ক একটি সমন্বিত তথ্যের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- সর্বোপরি কৃষকদের জন্য শস্য বীমা চালু করা যেতে পারে।

পণ্যঃ ডাল

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ডাল একটি গুরুত্বপূর্ন পণ্য। দেশজ উৎপাদনও আমদানীর মাধ্যমে এর চাহিদা পূরণ হয়ে থাকে। তাই বাজার মূল্যে বেশ পরিবর্তন লক্ষ্যনীয়। নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়। সংকলিত বাজারদর তথ্য ও পুর্ববর্তী সংকলিত তথ্য পর্যালোচনা করে ফেব্রুয়ারী' ২০১৫, জানুয়ারী'২০১৫ ফেব্রুয়ারী'২০১৪ মাসে বিভিন্ন প্রকার ডালের পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শণ করা হলোঃ

সারনী- ১: বিভিন্ন প্রকার ডালের পাইকারী বাজারদর পরিস্থিতিঃ

টাকা/কুইন্টাল

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোর্টিং মাস ফেব্রুয়ারী'১৫	গত মাস জানুয়ারী'১৫	গত বছর ফেব্রুয়ারী'১৪	মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%)	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%)
১	ডাল-মাশ-গোটা	**৮৩৭৮**	**৮৫৭৩**	৭৫৩৯	**-২%**	**১১%**
২	ডাল-মাশ-ভাংগা	৮৩২১	৮৪৮৯	৬৯৭১	**-২%**	**১৯%**
৩	ডাল- মসুর-দেশী-গোটা	১০৬৪৮	১০৪৩০	১০১৬৫	**২%**	**৫%**
৪	ডাল- মসুর-দেশী-ভাংগা	৮৫৮১	৮৪৯১	৮০৮০	**১%**	**৬%**
৫	ডাল- মসুর- বিদেশী- উন্নতমানের	১০৪৪০	১০৩০৪	৯৮১১	**১%**	**৬%**
৬	ডাল- মুগ-দেশী	১১১৫৯	১১১৭৪	১১৬৬৪	**০%**	**-৪%**
৭	ডাল- ছোলা-গোটা	৬৪৬৮	৫৬৭৫	৫৬০২	**১৪%**	**১৫%**
৮	ডাল- ছোলা-ভাংগা	৫৫৬৮	৫৫০২	৫৪০৮	**১%**	**৩%**
৯	ডাল- মটর-দেশী	৫১৭০	৫২৯২	৬৪৭৮	**-২%**	**-২০%**
১০	ডাল- মটর-বিদেশী	৩৭০৫	৩৭৭৮	৩৮৯২	**-২%**	**-৫%**
১১	ডাল- খেসারী	৩৫৩৯	৩৫২৪	৩৯৯৭	**০%**	**-১১%**

ফেব্রুযারী'২০১৫ জানুয়ারী'২০১৫ ও ফেব্রুযারী'২০১৪ মাসের ডালের জাতীয় গড় পাইকারী বাজারদর চিত্রের সাহায্য দেখানো হলোঃ



গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনা ঃ

উপরের ছকে বর্ণিত তথ্য পর্যালোচনা করে দেখা যায়, জানুয়ারী'২০১৫ মাসের তুলনায় **ফেব্রুযারী**'২০১৫ মাসে ডাল-মাশ-গোটা, ডাল মাশ-ভাংগা, ডাল-মটর-দেশী, ডাল-মটর-বিদেশী এর দাম হ্রাস পেয়েছে ও ডাল মসুর দেশী গোটা, ডাল মসুর দেশী ভাংগা, ডাল মসুর বিদেশী উন্নতমানের, ডাল ছোলা গোটা, ডাল ছোলা ভাংগা বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে ডাল মুগ দেশী ও ডাল খেসারী অপরিবর্তিত আছে।

গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনা।

ছকে বর্ণিত বাজারদর তথ্য বিশ্লেষনে লক্ষ্য করা যায় ফেব্রুয়ারী'২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে ডাল মুগ দেশী, ডাল মটর দেশী, ডার মটর বিদেশী ও ডাল খেসারী ব্যাতিত অন্যান্য সকল ডালের দর বৃদ্ধি পেয়েছে।

বাজারদর হ্রাস বৃদ্ধির কারণঃ

মাসিকঃ অধিদপ্তরের মাঠ পর্যায়ে হতে প্রাপ্ত তথ্য ও বিদ্যমান বাজারদর পর্যালোচনা করে দেখা যায় জানুয়ারী '২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে সরবরাহ বেশী থাকায় বেশীর ভাগ ডালের দর হ্রাস পেয়েছে।

বার্ষিকঃ- ফেব্রুয়ারী'২০১৫ এর তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে অর্থাৎ গত বছরের তুলনায় এ বছর সরবরাহ কম থাকায় বেশীর ভাগ ডালের দর বৃদ্ধি পেয়েছে বলে প্রতিয়মান হয়।

পণ্যঃ ভোজ্য তেলঃ

ভোজ্য তেল নিত্য প্রয়োজনীয় গুরুত্বপুর্ন পণ্য হিসেবে বিবেচিত। সরিষা, সয়াবিন এবং পাম তেল ভোজ্য তেল হিসেবে উল্লেখযোগ্য। সরিষার কিছু অংশ আমাদের দেশে উৎপন্ন হলেও সয়াবিন এবং পাম তেলের চাহিদার পুরোটাই

আমদানী করে পূরণ করা হয়। ভোজ্য তেলের সংকলিত বাজারদর তথ্য পর্যালোচনা পূবর্ক ফেব্রুয়ারী'২০১৫ মাসের তুলনায় জানুয়ারী'২০১৫ মাসের এবং গত বছর ফেব্রুয়ারী' ২০১৪ মাসের তুলনায় চলতি বছরের ফেব্রুয়ারী' ২০১৫ মাসে বিভিন্ন ধরনের ভোজ্য তেলের মাসিক পাইকারী জাতীয় গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারনীতে প্রদর্শন করা হলো

সারনী- ২ : বিভিন্ন প্রকার ভোজ্য তেলের পাইবারী বাজারদর পরিস্থিতিঃ

টাকা/ প্রতি ১০০ লিঃ

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোর্টিং মাস ফেব্রুয়ারী'১৫	গত মাস জানুয়ারী'১৫	গত বছর ফেব্রুয়ারী'১৪	মাসিক দরের হ্রাস/বৃদ্ধি (%)	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্ধি (%)
১	সরিষা-উন্নতমানের	১২৬৮৪	১২৭৬৯	১৩১৩৮	-১%	-৩%
২	সয়াবিন (খোলা)	৮৮২৪	৯৪২৩	৯৭৩৩	-৬%	-৯%
৩	পাম	৬৫৫৬	৬৬৪৬	৭৩৯৯	-১%	-১১%

ফেব্রুয়ারী'২০১৫, জানুয়ারী'২০১৫ এবং ফেব্রুয়ারী'২০১৪ মাসের ভোজ্য তেলের পাইকারী জাতীয় গড় চিত্রের সাহায্য দেখানো হলোঃ



<u>গত মাসের সাথে তুলনামূলক পর্যালোচনা।</u>

উল্লেখিত ছকের তথ্য পর্যালোচনা করে দেখা যায় জানুয়ারী'২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে সকল তেলের দর হ্রাস পেয়েছে।

<u>গত বছরের এই সময়ের সাথে তুলনামূলক পর্যালোচনা।</u>

ফেব্রুয়ারী'২০১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে সকল তেলের দর হ্রাস পেয়েছে

বাজারদর হ্রাস/ বৃদ্ধির কারণঃ

বাজার তথ্য পর্যালোচনা ও অন্যান্য তথ্য উপাত্তের ভিত্তিতে বিশ্লেষণে দেখা যায় চাহিদার তুলনায় সরবরাহ বেশী থাকায় এবং আর্ন্তজাতিক বাজারে তেলের দাম হ্রাস পাওযায় ফেব্রুয়ারী '২০১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে তেলের দাম হ্রাস পেয়েছে।

ফসলের নামঃ পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী- ও আমদানীকৃত), হলুদ- দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া।

বাজারদর পরিস্থিতিঃ

কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে জেলা অফিসসমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজারদর বুলেটিন হতে সংকলিত বাজারদর জানুয়ারী '২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসূন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ-দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী ও খুচরা জাতীয় গড় মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধির হার নিম্নে সারণীতে প্রদর্শন করা হলোঃ

পণ্যের নাম (শ্রেণি অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		মাসিক দামের হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
পিঁয়াজ-দেশী	৩৩৫৫	৩৮	২৬৫৭	৩১	২৬%	২৩%
পিঁয়াজ-বিদেশী	৩০৬৫	৩৪	২৯৭৪	৩৪	৩%	০%
রসূন-দেশী	৬৯৪১	৮২	৭৩৬৯	৮৪	-৬%	-২%
রসূন-বিদেশী	৮০৯২	৯২	৮০৩৭	৯২	১%	০%
শুকনা মরিচ	১৫৫৪৭	১৭৭	১৫৩৫৮	১৭৬	১%	১%
কাঁচা মরিচ	২৬৯৬	৩৯	২৫৯৭	৩৯	৪%	০%
আদা-দেশী	৮১৯১	৯৫	৮৭৮৫	১০৮	-৭%	-১২%
আদা-বিদেশী	৭৮২৯	১০২	৭৯২৯	১০৫	-১%	-৩%
হলুদ-(গোল)	১২৬৪১	১৪০	১১৯৫৭	১৪৮	৬%	-৫%
হলুদ-(লম্বা)	১২৫৩১	১৪০	১১৩৯৯	১২৯	১০%	৯%
ধনিয়া	১৯৫৪৬	২১৪	১৮৩৪৮	২০৪	৭%	৫%

ফেব্রুয়ারী /২০১৫ ও জানুয়ারী /২০১৫ মাসের জাতীয় গড় পাইকারী মূল্য এর পরিবর্তনের চিত্রঃ



ফেব্রুয়ারী' ২০১৫ ও জানুয়ারী' ২০১৫ মাসের জাতীয় গড় খুচরা মূল্য এর পরিবর্তনের চিত্রঃ



মসলা জাতীয় ফসলের, জানুয়ারী'২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসের পাইকারী ও খুচরা জাতীয় গড় বাজার দরের হ্রাস/বৃদ্ধির পরিস্থিতি ও পর্যালোচনা 'ক'থেকে 'ছ' পর্যন্ত সারণীতে সংক্ষেপে দেখানো হলো ।

সারণী-'ক' পণ্য "পিঁয়াজ" (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
পিঁয়াজ-দেশী	৩৩৫৫	৩৮	২৬৫৭	৩১	২৬%	২৩%
পিঁয়াজ-বিদেশী	৩০৬৫	৩৪	২৯৭৪	৩৪	৩%	০%

উপরোক্ত সারণী 'ক' বিশ্লেষণ করে দেখা যায় পিঁয়াজ- দেশী এর দাম জানুয়ারী, ২০১৫ মাসের তূলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে পাইকারী দামে ২৬% ও খুচরা দামে ২৩% হারে বৃদ্ধি পেয়েছে এবং বিদেশী- পিয়াজের ক্ষেত্রে পাইকারী দামে ৩% হারে বৃদ্ধি পেয়েছে ও খুচরা দামে অপরিবর্তিত আছে ।

সারণী-'খ' পণ্য "রসুন" (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
রসূন-দেশী	৬৯৪১	৮২	৭৩৬৯	৮৪	-৬%	-২%
রসূন-বিদেশী	৮০৯২	৯২	৮০৩৭	৯২	১%	০%

উপরোক্ত সারণী 'খ'-বিশ্লেষণ করে দেখা যায়, রসুন দেশী এর জানুয়ারী'২০১৫ মাসের তূলনায় ' ফেব্রুয়ারী'২০১৫ মাসে পাইকারী দামে -৬% ও খুচরা দামে -২% হারে হ্রাস পেয়েছে এবং রসূন-বিদেশী জানুয়ারী'২০১৫ মাসের তূলনায় ফেব্রুয়ারী ' ২০১৫ মাসে পাইকারী দামে ১% বৃদ্ধি পেয়েছে ও খুচরা দামে অপরিবর্তিত আছে

সারণী-গঃ পণ্য 'শুকনা মরিচ'

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
শুকনা মরিচ	১৫৫৪৭	১৭৭	১৫৩৫৮	১৭৬	১%	১%

উপরোক্ত সারণী 'গ' বিশ্লেষণ করে দেখা যায় শুকনা মরিচ-এর দাম জানুয়ারী'২০১৫ মাসের তূলনায় ' ফেব্রুয়ারী '২০১৫ মাসে পাইকারী ও খুচরা উভয় দামে ১% বৃদ্ধি পেয়েছে।

সারণী-ঘঃ পণ্য "কাঁচা মরিচ"

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
কাঁচা মরিচ	২৬৯৬	৩৯	২৫৯৭	৩৯	৪%	০%

সারণী 'ঘঃ বিশ্লেষণ করে দেখা যায়, কাঁচা মরিচ এর দাম জানুয়ারী'২০১৫ মাসের তূলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে পাইকারী দামে ৪% বৃদ্ধি পেয়েছে ও খুচরা দামে অপরিবর্তিত আছে।

সারণী-ঙঃ পণ্য 'আদা' (দেশী ও আমদানীকৃত)

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
আদা-দেশী	৮১৯১	৯৫	৮৭৮৫	১০৮	-৭%	-১২%
আদা-বিদেশী	৭৮২৯	১০২	৭৯২৯	১০৫	-১%	-৩%

সারণী-চঃ পণ্য "হলুদ"-দেশী (গোল ও লম্বা)

উল্লিখিত সারণী 'ঙ' বিশ্লেষণ করে দেখা যায় দেশী আদার দাম জানুয়ারী' ২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী ' ২০১৫ মাসে পাইকারী দামে -৭% ও খুচরা দামে -১২% এবং বিদেশী আদা পাইকারী দামে -১%ও খুচরা দামে -৩% হারে হ্রাস পেয়েছে।

পণ্যের নাম (শ্রেণি অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
হলুদ-(গোল)	১২৬৪১	১৪০	১১৯৫৭	১৪৮	৬%	-৫%
হলুদ-(লম্বা)	১২৫৩১	১৪০	১১৩৯৯	১২৯	১০%	৯%

জাতীয় গড় বাজার দর অনুযায়ী সারণী 'চ'-বিশ্লেষণ করে দেখা যায়, হলুদ দেশী (গোল) জানুয়ারী '২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে পাইকারী দামে ৬% বৃদ্ধি পেয়েছে ও খুচরা দামে -৫% হারে হ্রাস পেয়েছে এবং হলুদ দেশী (লম্বা) জানুয়ারী'২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ পাইকারী দামে ১০% হারে ও খুচরা দামে ৯% হারে বৃদ্ধি পেয়েছে

সারণী-ছঃ পণ্য 'ধনিয়া'

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	ফেব্রুয়ারী /২০১৫		জানুয়ারী /২০১৫		শতকরা হারে হ্রাস/বৃদ্ধি	
	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি	প্রতি কুইন্টাল	প্রতি কেজি
ধনিয়া	১৯৫৪৬	২১৪	১৮৩৪৮	২০৪	৭%	৫%

জাতীয় গড় বাজারদর অনুসারে সারণী 'ছ'- বিশ্লেষণ করে দেখা যায় ধনিয়া জানুয়ারী' ২০১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারী'২০১৫ মাসে পাইকারী দামে ৭% হারে এবং খুচরা দামে ৫% হারে বৃদ্ধি পেয়েছে।

বাজারের গতি প্রবাহঃ

ক) কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজারদর বুলেটিনের মাধ্যমে বিগত ৬ মাসের সংকলিত জাতীয় গড় বাজারদরের ভিত্তিতে; পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ- দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী বাজারদরের গতি প্রবাহ নিম্নে সারণী এবং লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন করা হলো :

► ***৬ মাসের পাইকারী মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রমঃ***

(প্রতি কুইন্টাল/টাকায়)

পণ্যের নাম	**সেপ্টেম্বর/১৪**	**অক্টোবর/১৪**	**নভেম্বর/১৪**	**ডিসেম্বর/১৪**	জানুয়ারী'১৫	ফেব্রুয়ারী'১৫
পিঁয়াজ-দেশী	৩৪৭২	৩২৫২	৩৩১৬	২৭৫২	২৬৫৭	৩৩৫৫
পিঁয়াজ-বিদেশী	৩০৯৭	২৯১৮	৩০৫৮	২৯৭০	২৯৭৪	৩০৬৫
রসূন-দেশী	৬৮৬১	৭৫৬৬	৭২১৮	৬৯৫৮	৭৩৬৯	৬৯৪১
রসূন-বিদেশী	৭১৮৮	৭৫২৭	৭৩২৯	৭৩৫৬	৮০৩৭	৮০৯২
শুকনা মরিচ	১৫২৮৩	১৫৫৮৫	১৫৭১০	১৫৫৭৪	১৫৩৫৮	১৫৫৪৭
কাঁচা মরিচ	৮১৪৮	৫৫৫৪	৩৯৯৪	২৪৩২	২৫৯৭	২৬৯৬
আদা-দেশী	১৫১৪২	১৪৫১৩	১২৬০৭	১০৯৬৩	৮৭৮৫	৮১৯১
আদা-বিদেশী	১৪৯৫৩	১৪৭১৭	১০৭১৪	৮৬৩৯	৭৯২৯	৭৮২৯
হলুদ-(গোল)	১১১৮০	১১৬৬১	১১৫১৭	১১৪৬২	১১৯৫৭	১২৬৪১
হলুদ-(লম্বা)	১১৫৬৩	১১৩৩৫	১১২৭৩	১১১৮১	১১৩৯৯	১২৫৩১
ধনিয়া	১৫৫৯৫	১৭৬৫৪	১৮৬৩৯	১৮০২৬	১৮৩৪৮	১৯৫৪৬

সেপ্টেম্বর /২০১৪ হতে ফেব্রুয়ারী /২০১৫ পর্যন্ত পিঁয়াজ ও রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের পাইকারী দামের গতি প্রবাহ।

অর্থকরী ফসলের ফেব্রুয়ারী/২০১৫-এর সার্বিক বাজার চিত্র, তামাক, পাট ও তুলা

তামাকঃ বিভিন্ন তামাক কোম্পানী, রংপুর তামাক ব্যবসায়ী সমিতি ও মাঠ পর্যায়ের পর্যবেক্ষণ হতে ধারণা করা যায় যে ২০১৩-২০১৪ অর্থ বছরে সামগ্রিক ভাবে আনুমানিক ১৩৮.২ হাজার একর জমিতে তামাকের আবাদ হয় এবং আনুমানিক ১০৩.৬৫ হাজার মেঃ টন তামাক উৎপাদিত হয়। তন্মধ্যে অত্র অধিদপ্তরের মাঠ পর্যায়ের পর্যবেক্ষন হতে প্রাপ্ত তথ্যমতে ২০১৩-১৪ অর্থবছরে সর্বমোট প্রায় ১,০৪,৭২৮.৫২ মেঃ টন তামাক ক্রয় বিক্রয়ের হিসাব পাওয়া যায় এবং কোথাও চাষী পর্যায়ে তামাক অবিক্রিত থাকার খবর পাওয়া যায়নি। FCV এবং Barley জাতের, যা সরাসরি তামাক সংশ্লিষ্ট কোম্পানীসমূহ চাষী পর্যায় হতে ক্রয়

করে। কৃষি মূল্য উপদেষ্টা কমিটি কর্তৃক চাষী পর্যায় হতে ক্রয়ের জন্য প্রতি বছর তামাক ফসলের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করে দেয়া হয়। দেশী তামাকের কেনাবেচা (যা ACV প্রকৃতির) খোলা বাজার হতে সম্পাদিত হয় এবং এর মধ্যে মতিহার, জাতি ও DV তামাকের পরিমাণই বেশী। কিছু পরিমান বাংলাদেশের গুরুত্বপূর্ণ ১০টি জেলা হতে প্রাপ্ত মতিহার ও জাতি তামাক এর পাইকারী গড় বাজার দর এর ভিত্তিতে মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস-বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা নীচে প্রদত্ত হলো।

তামাক ফসলের পাইকারী মুল্য পরিস্থিতি

পণ্যের নাম	ফেব্রুয়ারী/১৫	জানুয়ারী/১৫	ফেব্রুয়ারী/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
মতিহার	১০৬৩৪	১০৬৬৭	১১৮৩৯	-০.৩১%	-১১.৩৩%
জাতি	৯২০০	১০৮০০	১১২৫০	-১৭.৩৯%	-২২.২৮%

তামাকঃ জানুয়ারী/১৫ মাসের জাতীয় গড় এর ফেব্রুয়ারী/১৫ মাসের মতিহার ও জাতি তামাকের গড় দাম সামান্য হ্রাস পেয়েছে যা যথাক্রমে ০.৩১% ও ১৭.৩৯%। গত বৎসরের একই মাসের জাতীয় গড় এর চেয়ে এ বৎসরের মতিহার ও জাতি তামাকের বাৎসরিক জাতীয় গড় দাম বেশ হ্রাস পেয়েছে যা যথাক্রমে ১১.৩৩% ও ২২.২৮%।

স্থানীয় জাতের তামাকের পাইকারী মুল্য চিত্র



তামাকের সরকার নির্ধারিত মুল্য-এর সাথে বাজার মুল্যের তুলনা

পণ্যের নাম	ফেব্রুয়ারী/১৫	সরকার নির্ধরিত মূল্য	মাসিক হ্রাস/বৃদ্ধি
মতিহার	১২৩.৭৫	৬১.০০	৫০.৭১%
জাতি	১১০.৮৩	৬৬.০০	৪০.৪৫%

সরকার নির্ধারিত দরের চেয়ে ফেব্রুয়ারী/১৫ মাসের মতিহার ও জাতি তামাকের খুচরা মূল্য অধিক হারে বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ৫০.৭১% এবং ৪০.৪৫%।

তামাকের সরকার নির্ধারিত মূল্য-এর সাথে বাজার মূল্যের তুলনা'র চিত্র



বাংলাদেশে তামাক চাষ ও উৎপাদন পরিসংখ্যান

বছর	তামাক আবাদ (লাখ হেক্টর)	উৎপাদন (লাখ মে:টন)
১৯৯৬-৯৭	৩.৪৮	৩৮
১৯৯৭-৯৮	৩.২৫	৩৭
১৯৯৮-৯৯	২.৮৬	২৯
১৯৯৯-০০	৩.২৩	৩৫
২০০০-০১	২.৮৪	৩৭
২০০১-০২	২.৯০	৩৮
২০০২-০৩	২.৮৫	৩৭
২০০৩-০৪	২.৮৬	৩৯
২০০৪-০৫	২.৮৪	৪০
২০০৫-০৬	২.৮৭	৪৩
২০০৬-০৭	২.৮৫	৩৯
২০০৭-০৮	২.৮৫	৪০
২০০৮-০৯	২.৮৬	৪০
২০০৯-১০	৩.৬৫	৫৪

* সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh - BBS

পাটঃ প্রধান আঁশ ফসল পাট, কেনাফ ও মেস্তার মধ্যে পাট প্রধান অর্থকরী ফসল। পাটের দুইটি প্রজাতি-দেশী ও তোষা। দেশী পাটের ফল গোলাকার ও পাতার স্বাদ তিতা। তোষা পাটের ফল লম্বা এবং পাতার স্বাদ তিতা নয়। পাট উৎপাদনে অগ্রগামী জেলাগুলো হলো- রংপুর, ফরিদপুর, যশোর, ঢাকা, টাঙ্গাইল, কুষ্টিয়া, জামালপুর ও পাবনা। পাটের আঁশ থেকে পাটের সুতা, ব্যাগ, বস্তা, পর্দা, কার্পেট ও সংশ্লিষ্ট পণ্য তারপুলিন, প্যাকিং দ্রব্যাদি উৎপাদিত হয়। এছাড়াও পার্টিকেল বোর্ড, পাট-প্লাস্টিক ও অনুরূপ দ্রব্য তৈরিতে পাটের ব্যবহার হচ্ছে। কৃষকের জ্বালানির সিংহভাগই আসে পাটখড়ি থেকে। পাটের পাতা শাক হিসেবে ব্যবহার হয় এবং খুবই সুস্বাদু। দেশের শতকরা ৬০ ভাগ কৃষক পাট চাষ করে জীবিকা নির্বাহ করে। দেশে উৎপাদিত পাটের শতকরা ৭০ ভাগ দেশে ব্যবহার হয়, ৩০ ভাগ কাঁচা পাট ও পাটজাত দ্রব্য হিসেবে রপ্তানী হয়। দেশের ৫৫ ভাগ বৈদেশিক মুদ্রা আসে পাট রপ্তানী থেকে।

পাট এর বিভিন্ন ব্যবহার উপযোগিতা নিম্নে প্রদত্ত ডায়াগ্রাম থেকে দেখা যেতে পারে।



নোটঃ পাট-এর বিভিন্ন উপযোগীতার চিত্র হতে মূল্য সংযোজনের সম্ভাব্যতা সম্পর্কে ধারণা পাওয়া যায় বিধায় প্রদর্শন করা হয়।

বাংলাদেশে পাট চাষ ও উৎপাদন পরিসংখ্যান

বছর	পাট আবাদ (লাখ হেক্টর)			উৎপাদন (লাখ বেল)			হেক্টর প্রতি ফলন (বেল*)	
	দেশী	**তোষা**	**মোট**	**দেশী**	**তোষা**	**মোট**	**দেশী**	**তোষা**
২০০৬-০৭	০.৯৫	৩.৭৬	৪.৭২	৬.৯১	৪১.৯৬	৪৮.৮৭	৭.২৭	১১.১৬
২০০৭-০৮	০.৯৪	৪.২৪	৫.১৮	৫.৬৩	৪১.৮৩	৪৭.৪৬	৭.৮৫	১০.৪৬
২০০৮-০৯	০.৭৩	৪.০০	৪.০২	৫.২৯	৪২.০০	৪৭.২৯	৭.২৫	১০.৫০
২০০৯-২০১০**			৪.১৬			৫০.০৯		১২.২৩
২০১০-১০১১**			৭.০৯			৮৩.৯৬		১১.৮৫
২০১১-১০১২**			৭.৬			৮০.০৩	১০.৫৩	
২০১২-১০১৩**	৬.৮১			৭৬.১০			১১.১৭৫	
২০১৩-১০১৪**	৬.৬৬			৭৪.৩৬			১১.১৭	
২০১৪-১০১৫**	৬.৭৩			৭৫.০১			১১.১৫২	

*১ বেল = ১৮১.৪৩ কেজি = ৫ মণ (প্রায়) ।

** সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh – BBS

আন্তর্জাতিক চিত্র

প্রধান প্রধান উৎপাদনকারী দেশসমূহে পাট চাষ এর অবস্থান নীচের ছক সমূহ থেকে দেখা যেতে পারে। উল্লেখ্য বাংলাদেশে পাটের আবাদ আবার জনপ্রিয় হয়ে উঠেছে, তবে উৎপাদন দক্ষতা বৃদ্ধির সুযোগ রয়েছে বলে দেখা যায় (চীনের হেক্টর প্রতি উৎপাদন ২.৬৭ টন সেখানে বাংলাদেশের হেক্টর প্রতি উৎপাদন ২.২২ টন)।

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলে ব্যবহৃত জমির পরিমান হেক্টর উৎপাদনের হার

জমির পরিমাণ *(০০০ হেক্টর)* (১ হেক্টর = ২.৪৭১ একর)						
বছর	**বাংলাদেশ**	চীন	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	৭৬০.৪৩	১৪	৮০০	২.৭৫	১০.৫৪	১.৪২
২০১১-২০১২*	৭৬০.০১	১৩.৫	৮০০	২.৬৫	১০.৫৮	১.৪২
২০১০-২০১১*	৭০৮.৬১	১৩.০৩	৭৯০	৫.০০	১৩.০১	১.০৪
২০০৯-২০১০*	৪১৬.৪৩	৩০	৭৭৩.৭	৮.৯	১১.৬	১.৫
২০০৮-২০০৯	৪০৮.১	৩০	৭৮৫.৬	১৪.৩	১১.৬	১.৫
২০০৭-২০০৮	৫০০	৩৩	৯৫২	৪৭.২	১১.৭	১.২
২০০৬-২০০৭	৫০০	৩১	৯৩১	৫১.৪	১২	২.৩
২০০৫-২০০৬	৪৬৬	৩১.১	৯৩১	৪১	১২.২	৩.১
২০০৪-২০০৫	৪১৮	৩২	৯১৬	৩৫.৪	১১.৮	১৬.৬
২০০৩-২০০৪	৪৯৯.৮	৪১	১০০০	৪৪.১	১১.৯	২০.৪
২০০২-২০০৩	৪৩৬.২	৫৬	১০২৫	৫৮.৭	১১.৭	২৭.২
২০০১-২০০২	৫১৯.৬	৫২	৯৮৬	৫৩.৫	১১.৩	১৯.২
২০০০-২০০১	৪৪৮	৫০	৮৭৩	৩১	১৪.৫	১৯.২
১৯৯৯-২০০০	৪১৪.৮	৬৫.৮	৭৫১	৩৩	১১.৭	১৯.৯
১৯৯৮-১৯৯৯	৪৭৭.৫	৯২.৭	৮৪১	৩৭.৩	১২.৩	৩০.৭
১৯৯৭-১৯৯৮	৬৪৭.৫	১৬২.১	১১১৫	৩৪.১	১১	৬৬.৬
১৯৯৬-১৯৯৭	৫৪৭.৬	১৪৭	১০১৪	৪৩.২	১১.২	৭৬.৫
১৯৯৫-১৯৯৬	৫১৯.২	১৪৬	৮৪৬	৪৭.৩	১০.২	৭৯.৩

সূত্রঃ * খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের হেক্টর প্রতি উৎপাদনের হার

টন/হেক্টর (১ হেক্টর = ২.৪৭১ একর)						
বছর	**বাংলাদেশ**	চীন	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	১.৯১	৩.২২	২.৩৯	০.৯৭	১.৩৭	১.৫৫
২০১১-২০১২*	১.৭২	৩.২৩	২.৪৫	৯.৫	১.৩৭	১.৫৫
২০১০-২০১১*	১.৯৩	৩.০৭	২.২০	০.৬১	১.৬১	১.৯৫
২০০৯-২০১০*	২.০০	২.৬৭	২.০৯	০.৯	১.৪৭	১.২
২০০৮-২০০৯	২.২৮	২.৬৭	১.৮৮	০.৯	১.৪৭	১.৯৩
২০০৭-২০০৮	১.৯৮	২.৬৩	১.৮৭	০.৪	১.৪৩	১.৭৯
২০০৬-২০০৭	১.৯৮	২.৮	১.৯৩	০.৮৫	১.৪৩	১.৫৫
২০০৫-২০০৬	২.০৭	২.৬৬	১.৬৪	০.৯	১.৪৫	১.৫১
২০০৪-২০০৫	১.৯৪	২.৭২	১.৪৭	০.৯৫	১.৪৩	২.১৬
২০০৩-২০০৪	১.৯৩	২.৪৩	১.৬২	০.৯৫	১.৪৩	২.০৩
২০০২-২০০৩	১.৮২	২.৭৭	২.০১	০.৭১	১.৪৫	১.৫১
২০০১-২০০২	১.৭৮	২.৬২	১.৯২	০.৯৫	১.৪৫	১.৫৪
২০০০-২০০১	১.৮২	২.৫২	১.৮৬	০.৯	১.০৫	১.৫৪
১৯৯৯-২০০০	১.৭৬	২.৪৯	১.৮৭	০.৮	১.৩৪	১.৫
১৯৯৮-১৯৯৯	১.৭৮	২.৬৮	১.৭৭	০.৯	১.২৬	১.৫৪
১৯৯৭-১৯৯৮	১.৯২	২.৬৫	১.৭৬	০.৯৭	১.৪১	১.৬
১৯৯৬-১৯৯৭	১.৯৪	২.৪৮	১.৮১	০.৯১	১.২৬	১.৪৩
১৯৯৫-১৯৯৬	১.২৬	২.৫৪	১.৭২	০.৯১	১.৪৭	১.৪৫

সূত্রঃ *খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাট, কেনাফ ও অন্যান্য আঁশ ফসলের মোট উৎপাদনের হার

উৎপাদন (*000 টন*) (১ টন = ১০০০ কেজি)						
বছর	**বাংলাদেশ**	চীন	**ইন্ডিয়া**	**মায়ানমার**	**নেপাল**	**থাইল্যান্ড**
২০১২-২০১৩*	১৪৫২.০৪	৪৫	১৯১২	২.৬	১৪.৪২	২.২
২০১১-২০১২*	১৫২৩.৩২	৪৩.৫	১৯৬০.৩৮	২.৫	১৪.৪২	২.১
২০১০-২০১১*	১৫২৩.২৮	৪০	১৭৪৩	৩.০৮	২০.৯৭	২.০৩
২০০৯-২০১০*	৯২৩.৪৭	৮০	১৬২০	৮	১৭	১.৮
২০০৮-২০০৯	৯১৩	৮০	১৪৭৬	১২.৯	১৭	২.৯
২০০৭-২০০৮	৯৯০	৮৬	১৭৮২	১৯.১	১৬.৮	২.২
২০০৬-২০০৭	৯৯০	৮৬.৮	১৮০০	৪৩.৬	১৭.১	৩.৬
২০০৫-২০০৬	৯৬৫	৮২.৮	১৫৩০	৩৬.৯	১৭.৭	৪.৬
২০০৪-২০০৫	৮১০	৮৬.৯	১৩৫০	৩৩.৬	১৬.৯	৩৫.৭
২০০৩-২০০৪	৯৬৩	৯৯.৮	১৬২০	৪২	১৭	৪১.৩
২০০২-২০০৩	৭৯৩.৪	১৩০	১৯৮০	৪১.৯	১৭	৪৬.৪
২০০১-২০০২	৯২৪.৭	১৩৬	১৮৯০	৫০.৮	১৬.৪	২৯.৫
২০০০-২০০১	৮১৪.৭	১২৫.৯	১৬২০	২৭.৮	১৫.২	২৯.৭
১৯৯৯-২০০০	৭৩১.৫	১৬৪	১৪০৪	২৬.৫	১৫.৭	২৯.৭
১৯৯৮-১৯৯৯	৮৫১.৯	২৪৮	১৪৯১.৭	৩৩.৫	১৫.৫	৪৭.২
১৯৯৭-১৯৯৮	১২৪২.৭	৪২৯.৫	১৯৬৪	৩৩.১	১৫.৫	১০৬.৪
১৯৯৬-১৯৯৭	১০৬২.২	৩৬৪.৯	১৮৩৬	৩৯.৫	১৪	১০৯.৩
১৯৯৫-১৯৯৬	৬৫২.৭	৩৭১.২	১৪৫৮	৪৩	১৪.৯	১১৪.৯

সূত্রঃ *খাদ্য ও কৃষি সংস্থা (জাতিসংঘ), বিবিএস, Summary Crop Statistics

পাটের বাজারজাতকরণ শ্রেণী- পাট আঁশ বিক্রয়ের জন্য আঁশের মান উত্তম থেকে খারাপের মান অনুসারে শ্রেণীবিন্যাস করা হয়েছে তা হলো- এ বটম, বি-বটম, সি-বটম, এস বটম ও কাটিং বা গড়ছাট।

বাংলাদেশে তুলা চাষ ও উৎপাদন পরিসংখ্যানঃ

গত ২০১০-২০১১ চাষ মৌসুমে দেশে ৩৩৫০০ হেক্টর জমিতে তুলা চাষ হয়েছে, যা থেকে ৮০,০০০ বেল আঁশতুলা উৎপাদিত হয়। আগামী ২০১৫-২০১৬ সাল নাগাদ ১ লক্ষ হেক্টর জমিতে তুলা চষ সম্প্রসারণ এবং ৬.৭০ লক্ষ বেল আঁশ তুলা উৎপাদনের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে নিম্নরূপ-

কার্যক্রম	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬
তুলা উৎপাদন					
তুলা চাষ (হেঃ)	৪৫০০০	৬০০০০	৭৫০০০	৮৫০০০	১০০০০০
উৎপাদন (বেল)	১,২০,০০০	২,৫০,০০০	৩,৯০,০০০	৫,৩০,০০০	৬,৭০,০০০

বছর	তুলা (লাখ হেক্টর)			উৎপাদন (লাখ বেল)			হেক্টর প্রতি ফলন (বেল*)		
	কুমিল্লা (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**	**কুমিল্লা** (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**	**কুমিল্লা** (Summer)	**আমেরিকান** (Winter)	**শিমুল**
২০১১-১০১২*	১৩৮৭২	১১৩৩৩	৫৮	০.১৮৩৫	১.১৬	০.০২৬	২৫৪৫	১৩১৮২	১১৩৮৪
২০১০-১০১১*	১২৯৬৯	১১১৭৮	১৪৭	০.২০২৬	১.০৫৮	০.০২৯	২৬২৭	১১৮২৬	১১৪৮১

তুলা উন্নয়ন বোর্ডের তথ্যানুযায়ী তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ ৯টি জিনিং কেন্দ্রের গুদামে ২০১৩-১৪ অর্থবছরে আনুমানিক ৬৭,৭৭৩.৬২০ কেজি অর্থাৎ ১,৪৯,৪১৫.২৮০ পাউন্ড সূতা তৈরীর উপযোগী আমেরিকান জাতের আঁশতুলা মজুদ আছে।

*১ বেল = ১৮১.৪৩ কেজি = ৫ মণ (প্রায়) ।

** সূত্রঃ 2010 yearbook of Agricultural statistics of Bangladesh - BBS

* বিবিএস, Summary Crop Statistics

পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য পরিস্থিতি

পণ্যের নাম	ফেব্রুয়ারী/১৫	জানুয়ারী/১৫	ফেব্রুয়ারী/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
পাট (সাদা/তোষা)	৪০৯০	৩৯৭২	৩৩৪৫	২.৮৯%	১৮.২২%
তুলা (শিমুল)	৩৪০৯৮	৩৪১৭৯	৩০৬৩৫	-০.২৪%	১০.১৬%
তুলা (কার্পাস)	১৫৭৫২	১৫৯১৯	১৪৫৬৬	-১.০৬%	৭.৫৩%

পাট ও তুলা ফসলের পাইকারী মূল্য চিত্র



পাটঃ জানুয়ারী/১৫ মাসের চেয়ে ফেব্রুয়ারী/১৫ মাসের পাট (সাদা/তোষা) এর জাতীয় গড় মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা ২.৮৯%। গত বৎসরের একই মাসের পাইকারী মূল্যের জাতীয় গড় এর চেয়ে এ বৎসরের পাট (সাদা/তোষা) এর জাতীয় পাইকারী বাজার দর বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে যা ১৮.২২%।

তুলাঃ জানুয়ারী/১৫ মাসের চেয়ে ফেব্রুয়ারী/১৫ মাসে শিমুল তুলা এবং কার্পাস তুলার মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে যা ০.২৪% এবং ১.০৬%। গত বৎসরের তুলনায় এ বৎসরেরর শিমুল তুলার মূল্য এবং কার্পাস তুলার মূল্য বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ১০.১৬% ও ৭.৫৩%।

তুলা ফসলের খুচরা মূল্য পরিস্থিতি

পণ্যের নাম	ফেব্রুয়ারী/১৫	জানুয়ারী/১৫	ফেব্রুয়ারী/১৪	মাসিক হ্রাস/বৃদ্ধি	বাৎসরিক হ্রাস/বৃদ্ধি
তুলা (শিমুল)	৩৬৯.২৯	৩৭৩.৩৫	৩৪৯.৭৫	-১.১০%	৫.২৯%
তুলা (কার্পাস)	১৯৯.৯৩	২০০.৯৩	১৮০.১৬	-০.৫০%	৯.৮৯%

তুলা ফসলের খুচরা মূল্য চিত্র



পাটঃ জেলা পর্যায়ের বিভিন্ন বাজারে পাট-এর খুচরা পর্যায়ে বিক্রয় না হওয়ার কারণে তুলনামূলক বাজার দর-এ খুচরা মূল্য দেয়া হলো না।

তুলাঃ জানুয়ারী/১৫ মাসের চেয়ে ফেব্রুয়ারী/১৫ মাসে শিমুল তুলা ও কার্পাস তুলার খুচরা মূল্য সামান্য হ্রাস পেয়েছে যা যথাক্রমে ১.১০% ও ০.৫০%। গত বৎসরের তুলনায় এ বৎসরেরর শিমুল তুলা ও কার্পাস তুলার খুচরা মূল্য সামান্য বৃদ্ধি পেয়েছে যা যথাক্রমে ৫.২৯% ও ৯.৮৯%।



উপরের লেখচিত্র থেকে দেখা যায় যে, পিঁয়াজ দেশী ও বিদেশী, রসুন-দেশী ও বিদেশী , হলুদ গোল ও লম্বা এবং শুকনা মরিচ, এর ৬ (ছয়) মাসের পাইকারী দর সার্বিকভাবে স্থিতিশীল।

আরো দেখা যায়, কাঁচামরিচ ও আদা দেশী ও বিদেশী এর পাইকারী দর তুলনামূলক ভাবে নিম্নগামী। আরো দেখা যায় যে, ধনিয়া এর পাইকারী দর উর্দ্ধমুখি ।

৬ মাসের খুচরা মূল্য পরিবর্তনের চিত্র/ধারাক্রমঃ

(প্রতি কেজি/টাকায়)

পণ্যের নাম	সেপ্টেম্বর/১৪	অক্টোবর/১৪	নভেম্বর/১৪	ডিসেম্বর/১৪	জানুয়ারী'১৫	ফেব্রুয়ারী'১৫
পিঁয়াজ-দেশী	৩৯	৩৭	৩৮	৩২	৩১	৩৮
পিঁয়াজ-বিদেশী	৩৫	৩৩	৩৫	৩৫	৩৪	৩৪
রসূন-দেশী	৮১	৯০	৮৬	৮৩	৮৪	৮২
রসূন-বিদেশী	৮৩	৮৬	৮৪	৮৪	৯২	৯২
শুকনা মরিচ	১৭৩	১৭৭	১৭৭	১৭৬	১৭৬	১৭৭
কাঁচা মরিচ	১০৪	৭৬	৫৭	৩৭	৩৯	৩৯
আদা-দেশী	১৭৪	১৭৪	১৩২	১৩০	১০৮	৯৫
আদা-বিদেশী	১৭৩	১৬৯	১৩৩	১১২	১০৫	১০২
হলুদ-(গোল)	১৩০	১৩৩	১৩২	১৩৩	১৪৮	১৪০
হলুদ-(লম্বা)	১৩৩	১৩২	১৩০	১২৮	১২৯	১৪০
ধনিয়া	১৭৯	১৯৭	২০৭	২০২	২০৪	২১৪

সেপ্টেম্বর /২০১৪ হতে ফেব্রুয়ারী /২০১৫ পর্যন্ত পিঁয়াজ ও রসুন (দেশী ও আমদানীকৃত), শুকনা মরিচ, কাঁচা মরিচ, আদা (দেশী ও আমদানীকৃত), হলুদ দেশী (গোল ও লম্বা) এবং ধনিয়া ফসলের খুচরা দামের গতি প্রবাহ



উপরের লেখচিত্র, থেকে দেখা যায় যে, পিঁয়াজ দেশী ও বিদেশী, রসুন-দেশী ও বিদেশী শুকনা মরিচ, হলুদ-গোল ও লম্বা এর ৬ (ছয়) মাসের খুচরা দর সার্বিকভাবে স্থিতিশীল। আদা দেশী ও বিদেশী, কাঁচা মরিচ এর খুচরা দর নিম্নগামী। সার্বিকভাবে আরো দেখা যায় ধনিয়া এর খুচরা দর উর্দ্ধমুখি ।

জানুয়ারী/১৫ ফেব্রুয়ারী/১৫ ফেব্রুয়ারী/১৪ মাসের কতিপয় প্রানি সম্পদ ও মৎস সম্পদের মাসিক জাতীয় পাইকারী গড় বাজার দর এবং মাসিক ও বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ

					টাকা/কুইন্টাল
পণ্যের নাম	গত মাস:	চলতি মাস	মাসিক দরের হ্রাস/বৃদ্বি (%)	গত বছর	বাৎসরিক দরের হ্রাস/বৃদ্বি (%)
	জানুয়ারী/১৫	ফেব্রুয়ারী /১৫		ফেব্রুয়ারী/১৪	
মোরগ-মুরগী-দেশি (বড়)	২৬৭৯১	২৭০১২	০.৮২%	২৬২৮৮	২.৭৫%
মোরগ-মুরগী-দেশি মাঝারী)	২৭৪৬৩	২৭৫১০	০.১৭%	২৬৫৩৩	৩.৬৮%
মোরগ-মুরগী-(ফার্ম)	১২৩১৮	১১৯৮৪	-২.৭১%	১৩১৬০	-৮.৯৪%
গরুর মাংস	২৭৩২৫	২৮৮১১	৫.৪৪%	২৫৮১৩	১১.৬১%
খাসীর মাংস	৪৩৯৮৫	৪৬০২৭	৪.৬৪%	৪১৭৩৬	১০.২৮%
ডিম-মুরগী-দেশী (১০০)টি	৯১৯	৯৪০	২.২৯%	৯০৮	৩.৫২%
ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	৬৮৯	৬৮৯	০.০০%	৬৮২	১.০৩%
মাছ রুই (মাঝারী)	২৬৬৮০	২৬৬৭৭	-০.০১%	২৬২২৭	১.৭২%
মাছ রুই (ছোট)	২১৯৬৭	২১৭৭১	-০.৮৯%	২২০১৬	-১.১১%
মাছ কাতল (মাঝারী)	২৫৪৬০	২৫৫৬০	০.৩৯%	২৪৮৫৬	২.৮৩%
মাছ কাতল (ছোট)	২০৬৯৭	২০৫৭৮	-০.৫৭%	২০৪৮২	০.৪৭%
মাছ পাঙ্গাস (ছোট)	৯২২৬	৯৪৪৩	২.৩৫%	৯৩৭১	০.৭৭%
মাছ ইলিশ	৫৭৮৮৬	৫৪৪৪১	-৫.৯৫%	৪৫৫৬৪	১৯.৪৮%
মাছ সিলভার কার্প	১১২৯১	১১৩৫৬	০.৫৮%	১১৪৬৪	-০.৯৪%

জানুয়ারী/১৫এর তুলনায় ফেব্রুয়ারী/১৫ এর পণ্য মূল্যের মাসিক হ্রাস বৃদ্বির হারঃ

হ্রাসকৃত পণ্যের নাম	**হ্রসের হার (%)**	**বৃদ্বিপ্রাপ্ত পণ্যের নাম**	**বৃদ্বির হার (%)**
মোরগ-মুরগী-(ফার্ম)	২.৭১%	মোরগ-মুরগী-দেশি (বড়)	০.৮২%
মাছ রুই (মাঝারী)	০.০১%	মোরগ-মুরগী-(মাঝারী)	০.১৭%
মাছ রুই (ছোট)	০.৮৯%	গরুর মাংস	৫.৪৪%
মাছ কাতল (ছোট)	০.৫৭%	খাসীর মাংস	৪.৬৪%
মাছ ইলিশ	৫.৯৫%	ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	২.২৯%
		ডিম-মুরগী-দেশী (১০০)টি	০.০০%
		মাছ কাতল (মাঝারী)	০.৩৯%
		মাছ পাঙ্গাস (ছোট)	২.৩৫%
		মাছ সিলভার কার্প	০.৫৮%

জানুয়ারী/১৫এর সাথেফেব্রুয়ারী/১৫ এর বাজার মূল্যের মাসিক পার্থক্যনিম্নে গ্রাফের সাহায্যে দেখানো হলো



১. **<u>মাসিক হ্রাস বৃদ্বির তুলনামূলক পর্যালোচনাঃ</u>**

জানুয়ারী/১৫ এর সাথে ফেব্রুয়ারী/১৫ এর মাসিক তুলনামূলক পর্যালোচনা দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশী (বড়),মোরগ-মুরগী-মাঝারি,গরুর মাংস,খাসীর মাংস, ডিম-মুরগী-দেশী (১০০)টি, ডিম-মুরগী-র্ফাম (১০০)টি , কাতল-মাঝারি,মাছ-পাঙ্গাস-ছোট, মাছ-সিলভার র্কাপ, এর মূল্য যথাক্রমে,০.৮২%, ০.১৭%, ৫.৪৪%, ৪.৬৪%,২.২৯.%, ০.০০%০.৩৯%,২.৩৫%,০.৫৮%, বৃদ্বি পেয়েছে । অন্যদিকে মোরগ-মুরগী-র্ফাম মাছ-রুই-মাঝারী, মাছ-রুই-ছোট ,মাছ-কাতল-ছোট, ইলিশ মাছ মূল্য যথাক্রমে ,২.৭১%, ০.০১%, ০.৮৯%, ০.৫৭%, ৫.৯৫% হ্রাস পেয়েছে।উল্লেখ্য যে,দেশের চলমান পরিস্থিতি ও পরিবহন এবং খাদ্য দ্রব্যের দাম বৃদ্বির কারনে কিছু কিছু জেলায় সোনালী মুরগী পালনে সমস্যা/খামার বন্ধ হয়ে যায়। মোরগ মুরগীর চাহিদা ও সরবরাহ কমে যায় ফলে দাম বৃদ্বি পেতে থাকে।

ফেব্রুয়ারী/১৪ এর তুলনায় ফেব্রুয়ারী/১৫ এর পণ্য মূল্যের বাৎসরিক হ্রাস বৃদ্বির হারঃ

টাকা/কুইন্টাল

হ্রাসকৃত পণ্যের নাম	**হ্রসের হার (%)**	**বৃদ্বিপ্রাপ্ত পণ্যের নাম**	**বৃদ্বির হার (%)**
মোরগ-মুরগী-(ফার্ম)	**৮.৯৪%**	মোরগ-মুরগী-দেশি (বড়)	২.৭৫%
মাছ রুই (ছোট)	১.১১%	মোরগ-মুরগী-(মাঝারী)	৩.৬৮%
মাছ সিলভার কার্প	০.৯৪%	গরুর মাংস	১১.৬১%
		খাসীর মাংস	১০.২৮%
		ডিম-মুরগী-দেশী (১০০)টি	৩.৫২%
		ডিম-মুরগী-ফার্ম (১০০)টি	১.০৩%
		মাছ রুই (মাঝারী)	১.৭২%
		মাছ কাতল (মাঝারী)	২.৮৩%
		মাছ কাতল (ছোট)	০.৪৭%
		মাছ পাঙ্গাস (ছোট)	০.৭৭%
		মাছ ইলিশ	১৯.৪৮%

ফেব্রুয়ারী/১৪ এর সাথে ফেব্রুয়ারী/১৫ এর বাজার মূল্যের বাৎরিক পার্থক্যনিম্নে গ্রাফের সাহায্যে দেখনো হলো।



বাৎসরিক হ্রাস বৃদ্বির তুলনামুলক পর্যালোচনাঃ

ফেব্রুয়ারী/১৫ এর সাথে ফেব্রুয়ারী/১৪ এর বাৎসরিক তূলনামূলক পর্যালোচনা দেখা যায় যে, মোরগ-মুরগী-দেশী (বড়), মোরগ-মুরগী-মাঝারি, গরুর মাংস,খাসীর মাংস, ডিম-মুরগী-দেশী (১০০)টি, ডিম-মুরগী-র্ফাম (১০০)টি, , রুই-মাঝারী কাতল-মাঝারি,মাছ-কাতল-ছোট, পাঙ্গাস-ছোট,মাছ,ইলিশ, এর মূল্য যথাক্রমে, ২.৭৫%, ৩.৬৮%, ১১.৬১%,১০.২৮%,৩.৫২%,১.০৩%,১.৭২%,২.৮৩%,৪৭%,৭৭%,১৯.৪৮%বৃদ্বি পেয়েছে। অন্যদিকে,মোরগ-মুরগী-র্ফাম,,মাছ-রুই-ছোট, মাছ-সিলভারর্কাপ,,মাছ-এর মূল্য যথাক্রমে,৮.৯৪%,১.১১%,০৯৪% ,হ্রাস পেয়েছে।

হ্রাস/বৃদ্বির কারণঃ

ফেব্রুয়ারী /১৪ এর সাথে ফেব্রুয়ারী /১৫ মাসে অধিকাংশ পণ্যের মূল্যের বৃদ্বির কারণ হিসাবে চাহিদার তুলনায় সরবরাহ কম ও পরিবহনের ভাড়া বৃদ্বি থাকায় পোল্ট্রি ফিড এর দাম বৃদ্বি এবং বিভিন্ন অনুষ্ঠান থাকার কারনে মোরগ ও মুরগীর চাহিদা বৃদ্বি কিন্তু সরবরাহ কম থাকায় মুরগী,গরুর মাংস ও মাছের দাম বৃদ্বি পেয়েছে।

ফেব্রুয়ারী /১৫ মাসের সর্বোচ্চ ও সর্বনিম্ন বাজার দর নিম্নরুপঃ

পণ্যের নাম	জেলার নাম	সর্বোচ্চ দর	জেলার নাম	সর্বনিম্ন দর
মোরগ-মুরগী-(ফার্ম)	সুনামগঞ্জ	১৫৫০০	রামগড়	১০২৫০
গরুর মাংস	নোয়াখালী	৩৫০০০	নড়াইল	২৫৫০০
খাসীর মাংস	নোয়াখালী	৬০০০০	সাতক্ষীরা	৩৯২৫০
ডিম-মুরগী-ফার্ম ১০০)টি	সুনামগঞ্জ	৮৫০	ঝালকাঠি	৬৩০
মাছ রুই (মাঝারী)	নারায়নগঞ্জ	৩৬০০০	পটুয়াখালী	১৫৫০০
মাছ ইলিশ(৬০০-০০গ্রাম)	কুমিল্লা	৮০০০০	ফরিদপুর(৪০০-৫০০গ্রাম)	৩৫৫০০

উৎপাদন এলাকা ও নন উৎপাদন এলাকায় দামের তারতম্য কিছুটা বেশী কম হয়ে থাকে কিন্তু বর্তমানে দেশের বিরাজমান পরিস্থিতির কারনে পরিবহন সেক্টর ও ভাড়া বৃদ্বির কারনে দামের তারতম্য বেশী পরিলক্ষতি হয়।

ফসলের নামঃ আলু হল্যান্ড (সাদা ও লাল), বেগুন, শসা ও কাঁচা পেঁপে।

কৃষি বিপণন অধিদপ্তর কতৃক বিভিন্ন জেলা থেকে সংগৃহীত সাপ্তাহিক বাজার দরের ভিত্তিতে সংকলিত জাতীয় গড় বাজার দর তথ্যানুযায়ী জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসের এবং গত বছর ফেব্রুয়ারি/১৪ মাসের তুলনায় চলতি বছরের ফেব্রুয়ারি/১৫ মাসে আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের মাসিক ও বাৎসরিক মূল্য হ্রাস বৃদ্ধির তুলনামূলক পর্যালোচনা প্রতিবেদন নিম্নরূপ।

বাজার দর পরিস্থিতিঃ

ফেব্রুয়ারি/১৫ মাসের সাপ্তাহিক বাজার দর বুলেটিন হতে সংকলিত বাজার দর তথ্যের মাধ্যমে আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা এবং কাঁচাপেঁপের যে সমস্ত জাতীয় পাইকারী ও খুচরা গড় বাজার দর পাওয়া গেছে তার ভিত্তিতে একটি তুলনামূলক পর্যবেক্ষণ প্রতিবেদন 'ক' থেকে 'ছ' পর্যন্ত সারণীতে সংক্ষেপে দেখানো হলোঃ

সারণী-ক

পণ্যঃ আলু হল্যান্ড(সাদা-লাল)

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোটিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	ফেব্রুয়ারি /১৫		জানুয়ারি/ ১৫		ফেব্রুয়ারি /১৪					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
আলু-(হঃ সাদা)	৮৮০	১৫.৭১	১১২৪	১৪.৩০	৬৩২	৮.৮৬	-২১.৭১%	- ৯.৮৬%	৩৯.২৪%	৭৭.৩১%
আলু-(হঃ লাল)	১০৮৫	১৩.৪০	১৩২৫	১৬.০০	৭২৮	৯.৫১	-১৮.১১%	-১৬.২৫%	৪৯.০৪%	৪০.৯০%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ ফেব্রুয়ারি/১৫ ও জানুয়ারি/১৫ মাসের মাসিক বাজার দর পর্যালোচনা দেখা যায় জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে আলু (হঃ সাদা) এর দাম কুইন্টাল প্রতি ২১.৭১% হ্রাস ও কেজি প্রতি খুচরা দাম ৯.৮৬% হ্রাস এবং আলু (হঃ লাল) এর দাম কুইন্টাল প্রতি ১৮.১১% ও কেজি প্রতি খুচরা দাম ১৬.২৫% হ্রাস পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ ফেব্রুয়ারি/১৫ ও ফেব্রুয়ারি/১৪ মাসের তুলনামূলক বাজার দর উপাত্ত অনুযায়ী উপরোক্ত সারণী ''ক'' বিশ্লেষণ করে দেখা যায়, গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে আলু (হঃ সাদা) পাইকারী দাম প্রতি কুইন্টালে ৩৯.২৪% ও প্রতি কেজিতে ৭৭.৩১% বৃদ্ধি পেয়েছে এবং আলু (হঃ লাল) পাইকারী দাম প্রতি কুইন্টালে ৪৯.০৪% ও প্রতি কেজিতে ৪০.৯০% বৃদ্ধি পেয়েছে।

সারণী-খ

পণ্যঃ বেগুন

টাকায়/ কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোটিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	ফেব্রুয়ারি/১৫		জানুয়ারি/১৫		ফেব্রুয়ারি /১৪					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
বেগুন	১৮১৩	২৩.৭৫	১৭২৯	২২.৮৫	২২৯৪	২৮.৫৯	৪.৮৬%	৩.৯৪%	-২০.৯৭%	-১৬.৯৩%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ উপরোক্ত সারণী 'খ' বিশ্লেষণ করে দেখা যায়, জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে বেগুনের পাইকারী দাম প্রতি কুইন্টালে ৪.৮৬% ও খুচরা দাম প্রতি কেজিতে ৩.৯৪% বৃদ্ধি পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে অথাৎ ফেব্রুয়ারি/১৪ ও ফেব্রুয়রি/১৫ মাসের তুলনামুলক বাজার দর উপাত্ত অনুযায়ী উপরোক্ত সারণী ''খ'' বিশ্লেষন করে দেখা যায়, বেগুনের পাইকারী দাম প্রতি কুইন্টালে ২০.৯৭% এবং প্রতি কেজিতে খুচরা দাম ১৬.৯৩% হ্রাস পেয়েছে।

সারণী-গ

পণ্যঃ শসা টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	ফেব্রুয়ারি/১৫		জানুয়ারি/**১৫**		**ফেব্রুয়ারি/১৪**					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
শসা	১৭৭৩	২৩.৩৮	১৭০২	২২.৪২	২০৩৭	২৬.৩৩	৪.১৭%	৪.২৮%	-১২.৯৬%	-১১.২০%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে শসার দাম অথাৎ প্রতি কুইন্টালে ৪.১৭% এবং প্রতি কেজিতে ৪.২৮% বৃদ্ধি পেয়েছে।

বার্ষিক পর্যালোচনাঃ বাৎসরিক হ্রাসবৃদ্ধির পর্যালোচনায় দেখা যায় গত বৎসরের তুলনায় বর্তমান বৎসরের একই সময়ে ফেব্রুয়ারি/১৪ মাসের তুলনায় ফেব্রুয়ারি/ ১৫ মাসে শসার দাম প্রতি কুইন্টালে ১২.৯৬% এবং প্রতি কেজিতে ১১.২০% হ্রাস পেয়েছে।

সারণী-ঘ

পণ্যঃ কাঁচাপেঁপে টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	ফেব্রুয়ারি/১৫		**জানুয়ারি/১৫**		**ফেব্রুয়ারি/১৪**					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
কাঁচাপেঁপে	১০৮৮	১৫.০৫	১০৬১	১৪.৫৮	১০১৭	১৪.২২	২.৫৪%	৩.২২%	৬.৯৮%	৫.৮৪%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণে দেখা যায় জানুয়ারি /১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি /১৫ মাসে কাঁচাপেঁপের পাইকারী দাম প্রতি কুইন্টালে ২.৫৪% এবং খুচরা দাম প্রতি কেজিতে ৩.২২% বৃদ্ধি পেয়েছে ।

বার্ষিক পর্যালোচনাঃ গত বৎসরের একই মাসের তুলনায় বর্তমান বৎসরের একই মাসে কাঁচাপেঁপের দাম প্রতি কুইন্টালে ৬.৯৮% এবং প্রতি কেজিতে ৫.৮৪% বৃদ্ধি পেয়েছে।

সমন্বিত সারণী

পণ্যঃ আলু হল্যান্ড (সাদা-লাল), বেগুন, শসা, কাঁচাপেঁপে

সারণী-ঙ

টাকায় /কুইন্টাল/কেজি

পণ্যের নাম (শ্রেণী অনুযায়ী)	রিপোর্টিং মাসের দর		গত মাসের দর		গত বছরের দর		মাসিক হ্রাস/বৃদ্ধি (%)		বাৎসরিক হ্রাস/বৃদ্ধি (%)	
	ফেব্রুয়ারি/১৫		**জানুয়ারি/১৫**		**ফেব্রুয়ারি/১৪**					
	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর	পাইকারী দর	খুচরা দর
আলু- হঃ সাদা	৮৮০	১৫.৭১	১১২৪	১৪.৩০	৬৩২	৮.৮৬	-২১.৭১%	৯.৮৬%	৩৯.২৪%	৭৭.৩১%
আলু- হঃ লাল	১০৮৫	১৩.৪০	১৩২৫	১৬.০০	৭২৮	৯.৫১	-১৮.১১%	-১৬.২৫%	৪৯.০৪%	৪০.৯০%
বেগুন	১৮১৩	২৩.৭৫	১৭২৯	২২.৮৫	২২৯৪	২৮.৫৯	৪.৮৬%	৩.৯৪%	-২০.৯৭%	-১৬.৯৩%
শসা	১৭৭৩	২৩.৩৮	১৭০২	২২.৪২	২০৩৭	২৬.৩৩	৪.১৭%	৪.২৮%	-১২.৯৬%	-১১.২০%
কাঁচাপেঁপে	১০৮৮	১৫.০৫	১০৬১	১৪.৫৮	১০১৭	১৪.২২	২.৫৪%	৩.২২%	৬.৯৮%	৫.৮৪%

পর্যালোচনা

মাসিক পর্যালোচনাঃ সমন্বিত আকারে আলু (হঃ সাদা-লাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপে ফসলের জাতীয় গড় বাজার দর পরিবর্তনের উপাত্ত উপরোক্ত সারণী 'ঙ' তে দেখানো হলো। সমন্বিত সারণী 'ঙ' পর্যালোচনা করে দেখা যায় যে, জানুয়ারি/ ১৫ এর তুলনায় ফেব্রুয়ারি/ ১৫ মাসে আলু (হঃ সাদা) এর পাইকারী দাম ২১.৭১%ও খুচরা দাম ৯.৮৬% হ্রাস পেয়েছে। আলু (হঃ লাল) এর পাইকারী দাম ১৮.১১% ও খুচরা দাম ১৬.২৫% হ্রাস পেয়েছে। বেগুনের পাইকারী দাম ৪.৮৬% ও খুচরা দাম ৩.৯৪% বৃদ্ধি পেয়েছে। শসা ফসলের পাইকারী দাম ৪.১৭% ও খুচরা দাম ৪.২৮% বৃদ্ধি পেয়েছে এবং কাঁচাপেঁপের পাইকারী দাম কুইন্টালে ২.৫৪% ও খুচরা দাম প্রতি কেজিতে ৩.২২% বৃদ্ধি পেয়েছে ।

বার্ষিক পর্যালোচনাঃ বাৎসরিক হ্রাসবৃদ্ধির পর্যালোচনা দেখা যায় গত বৎসরের একই সময়ের তুলনায় বর্তমান বৎসরের একই সময়ে অথাৎ ফেব্রুয়ারি/১৪ এর তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে আলু (হল্যান্ড সাদা) এর পাইকারী দাম ৩৯.২৪% ও খুচরা দাম বৃদ্ধি পেয়ে ৭৭.৩১%, আলু (হল্যান্ড লাল) এর পাইকারী দাম ৪৯.০৪% ও খুচরা দাম ৪০.৯০% বৃদ্ধি পেয়েছে, বেগুনের পাইকারী দাম ২০.৯৭% ও খুচরা দাম ১৬.৯৩% হ্রাস পেয়েছে, শসার পাইকারী দাম ১২.৯৬% ও খুচরা দাম ১১.২০% হ্রাস পেয়েছে এবং কাঁচাপেঁপের পাইকারী দাম ৬.৯৮% ও খুচরা দাম প্রতি কেজিতে ৫.৮৪% বৃদ্ধি পেয়েছে।

<u>তুলনামুলক বাজার দর</u> পরিস্থিতিঃ

জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে নিম্নে সমন্বিত সারণী হতে পাইকারী ও খুচরা বাজার দরের গতিপ্রবাহের তুলনামুলক গ্রাফিক চিত্র উপস্থাপন করা হলো।

ফেব্রুয়ারি/১৫ও জানুয়ারি/১৫ মাসের পাইকারী দামঃ

পণ্যের নাম	রিপোর্টিং মাস ফেব্রুয়ারি/১৫	গত মাস জানুয়ারি/১৫
আলু(হঃসাদা)	৮৮০	১১২৪
আলু(হঃলাল)	১০৮৫	১৩২৫
বেগুন	১৮১৩	১৭২৯
শসা	১৭৭৩	১৭০২
কাঁচাপেঁপে	১০৮৮	১০৬১

ফেব্রুয়ারি/১৫ ও জানুয়ারি/১৫ মাসের পাইকারী দামে পরিবর্তনের চিত্র



ফেব্রুয়ারি/১৫ ও জানুয়ারি/১৫ মাসের খুচরা দামঃ

পণ্যের নাম	রিপোর্টিং মাস ফেব্রুয়ারি/১৫	গত মাস জানুয়ারি/১৫
আলু(হঃসাদা)	১৫.৭১	১৪.৩০
আলু(হঃলাল)	১৩.৪০	১৬.০০
বেগুন	২৩.৭৫	২২.৮৫
শসা	২৩.৩৮	২২.৪২
কাঁচাপেঁপে	১৫.০৫	১৪.৫৮

ফেব্রুয়ারি/১৫ ও জানুয়ারি/১৪ মাসের খুচরা দামে পরিবর্তনের চিত্রঃ



বাজার দরের গতি প্রবাহঃ

কৃষি বিপণন অধিদপ্তর কতৃক সংকলিত আলু (হঃসাদা), (হঃসাদা), আলু (হঃলাল), বেগুন, শসা এবং কাঁচাপেঁপের গত ৬ মাসের জাতীয় গড় বাজার দর সারণী এবং গ্রাফের মাধ্যমে উপস্থাপন করা হলোঃ

সারণী-চ

পাইকারী দামঃ টাকায় /কুইন্টাল

মাসের নাম	আলু (হঃসাদা)	আলু (হঃলাল)	বেগুন	শসা	কাঁচাপেঁপে
সেপ্টেম্বর/১৪	১৭৬০	১৮৮৪	৩৪৩০	২১৭০	১৩২৪
অক্টোবর/১৪	১৯২৫	২০৪৫	৩০১২	২২৫৩	১১৩৭
নভেম্বর/১৪	১৮৫০	১৯৫১	২২১৫	২২২৩	১০২৯
ডিসেম্বর/১৪	২০৫৯	১৮০২	১৭৩০	১৮৬০	১০২০
জানুয়ারি/১৫	১১২৪	১৩২৫	১৭২৯	১৭০২	১০৬১
ফেব্রুয়ারি/১৫	৮৮০	১০৮৫	১৮১৩	১৭৭৩	১০৮৮

সেপ্টেম্বর/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ মাস পর্যন্ত আলু(হঃসাদা),(হঃলাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের পাইকারী দামের গতি প্রবাহঃ



পর্যালোচনা

সারণী 'চ' থেকে সেপ্টেম্বর/১৪ হতে ফেব্রুয়ারি/১৫ পর্যন্ত গত ছয় মাসের পাইকারী বাজার দর বিশ্লেষণ নিম্নরূপঃ

আলু হল্যান্ড(সাদা-লাল)ঃ সারণী 'চ' তে গত ৬ (ছয়) মাসের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর/১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪, নভেম্বর /১৪, ডিসেম্বর /১৪, মাসে দাম সামান্য বেড়েছে। তবে জানুয়ারি/১৫ ও ফেব্রুয়ারি/১৫ মাসে আলু (হঃ সাদা) দাম সামান্য হ্রাস পেয়েছে । আবার সেপ্টেম্বর/১৪ মাসের তুলনায় অক্টোবর/১৪ ও নভেম্বর/১৪ মাসে আলু (হল্যান্ড লাল) দাম বেড়েছে তবে ডিসেম্বর/১৪, জানুয়ারি/১৫ ও ফেব্রুয়ারি/১৫মাসে আলু (হল্যান্ড লাল) দাম হ্রাস পেয়েছে।

বেগুনঃ বেগুন ফসলের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪ নভেম্বর/১৪ ডিসেম্বর/১৪, জানুয়ারি /১৫ও ফেব্রুয়ারি /১৫ মাসে দাম হ্রাস পেয়েছে।

শসাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪ নভেম্বর /১৪, ডিসেম্বর /১৪ মাসে দাম সামান্য বৃদ্ধি পেয়েছে।তবে ডিসেম্বর/১৪, জানুয়ারি /১৫ ও ফেব্রুয়ারি /১৫ মাসে দাম সামান্য হ্রাস পেয়েছে।

কাঁচাপেঁপেঃ সারণী 'চ' থেকে কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪, নভেম্বর /১৪, ডিসেম্বর /১৪ জানুয়ারি /১৪ ও ফেব্রুয়ারি /১৫ মাসে দাম হ্রাস পেয়েছে।

সারণী-ছ খুচরা দামঃ টাকায় /কেজি

মাসের নাম	আলু (হঃসাদা)	আলু (হঃলাল)	বেগুন	শসা	কাঁচাপেঁপে
সেপ্টেম্বর/১৪	২০.৬৩	২১.৭৫	৩৪.৫০	২৭.৭৪	১৮.২৫
অক্টোবর/১৪	২১.৩৬	২৩.২০	৩৪.২৫	২৭.০০	১৫.৯২
নভেম্বর/১৪	২১.০০	২২.৩৪	২৮.৭৬	২৭.৫০	১৪.৬১
ডিসেম্বর/১৪	২৪.৫৯	২০.৯৫	২২.৯৩	২৪.৬৪	১৪.৪৭
জানুয়ারি/১৫	১৪.৩০	১৬.০০	২২.৮৫	২২.৪২	১৪.৫৮
ফেব্রুয়ারি/১৫	১৫.৭১	১৩.৪০	২৩.৭৫	২৩.৩৮	১৫.০৫

সেপ্টেম্বর/১৪ হতে ফেব্রুয়ারি /১৫ পর্যন্ত আলু(হঃসাদা),আলু(হঃলাল), বেগুন, শসা ও কাঁচাপেঁপের খুচরা দামের গতি প্রবাহঃ



পর্যালোচনাঃ সারণী 'ছ' থেকে সেপ্টেম্বর /১৪ হতে ফেব্রুয়ারি/ ১৫ পর্যন্ত গত ছয় মাসের খুচরা বাজার দর বিশ্লেষণ নিম্নরূপঃ

আলু হল্যান্ড(সাদা-লাল)ঃ সারণী 'ছ' তে গত ৬(ছয়) মাসের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টো্বর /১৪, নভেম্বর /১৪, ডিসেম্বর /১৪ মাসে দাম সামান্য বেড়েছে । তবে জানুয়ারী/১৫ ও ফেব্রুয়ারি/১৫ মাসে আলু (হঃ সাদা) দাম সামান্য হ্রাস পেয়েছে। আবার সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টো্বর /১৪, নভেম্বর/১৪ মাসে আলু (হঃ লাল) দাম বেড়েছে। তবে ডিসেম্বর /১৪ জানুয়ারি /১৪ ও ফেব্রুয়ারি/১৫ মাসে দাম সামান্য হ্রাস পেয়েছে।

বেগুনঃ বেগুন ফসলের খুচরা বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় /১৪, অক্টোবর /১৪, নভেম্বর /১৪, ডিসেম্বর /১৪ এবং জানুয়ারি /১৫ ফেব্রুয়ারি/১৫ মাসে হ্রাস পেয়েছে।

শসাঃ শসা ফসলের বাজার দর উপাত্ত অনুযায়ী দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪ নভেম্বর, /১৪, ডিসেম্বর /১৪, জানুয়ারি /১৫ ও ফেব্রুয়ারি /১৫ মাসে দাম সামান্য হ্রাস পেয়েছে।

কাঁচাপেঁপেঃ সারণী 'ছ' থেকে কাঁচাপেঁপের বাজার দর বিশ্লেষণ করে দেখা যায় সেপ্টেম্বর /১৪ মাসের তুলনায় অক্টোবর /১৪ নভেম্বর /১৪,ডিসেম্বর /১৪ জানুয়ারি /১৫, ফেব্রুয়ারি /১৫ মাসে আবার কাঁচাপেঁপের দাম কিছুটা হ্রাস পেয়েছে।

পণ্যঃ ফল

আমাদের নিত্য প্রয়োজনীয় পণ্যের তালিকায় ফল একটি গুরুত্বপূর্ণ পণ্য। দেশজ উৎপাদন ও আমদানীর মাধ্যমে এর চাহিদা পূরণ করা হয়ে থাকে । তাই বাজার মূল্য পরিবর্তন বেশ লক্ষ্যনীয় । নিয়মিত কার্যক্রমের আওতায় কৃষি বিপণন অধিদপ্তরের জেলা অফিস সমূহ হতে প্রাপ্ত সাপ্তাহিক বাজার দর বুলেটিন সদর দপ্তরে সংকলন করা হয়েছে । সংকলিত বাজার দর তথ্য ও পূর্ববর্তী সংকলিত তথ্য পর্যালোচনা করে জানুয়ারি/১৫, ফেব্রুয়ারি/১৫ মাসে বিভিন্ন প্রকার ফলের পাইকারী মাসিক গড় বাজার দর এবং মাসিক হ্রাস/বৃদ্ধির হার নিম্নের সারনীতে প্রদর্শন করা হলোঃ

সারনী–১ ঃ **বিভিন্ন প্রকার ফলের বাজারদর পরিস্থিতিঃ**

(টাকা প্রতি কুইঃ ও ৮০টি)

ক্রঃ নং	দ্রব্যের নাম	রিপোর্টিং মাসের (ফেব্রুয়ারি/১৫) গড় বাজার দর	গত মাসের (জানুয়ারি/১৫) গড় বাজার দর	মাসিক বাজার দরের হ্রাস/বৃদ্ধি(%)
০১	ডাব	২১৩২	২০৯৮	১.৬২%
০২	এলাচী–লেবু	৩৭৮	৩১২	২১.১৫%
০৩	কাগজী–লেবু	৩২৭	৩০২	৮.২৮%
০৪	বরই	৩২৬০	৩৯৯১	-১৮.৩২%
০৫	আপেল	১১২৯৭	১১৫৩২	-২.০৪%
০৬	পাকা পেপে	৩৯৬০	৩৯৮৬	-০.৬৫%
০৭	কমলা	১২৫৩	১২৮৬	-২.৫৭%
০৮	কলা–চাঁপা	১৭৯	১৭৯	০.০০%
০৯	,, সবরী	২৮৫	২৭৯	২.১৫%
১০	,, সাগর	২৪১	২১৯	১০.০৫%
১১	শুকনা নারিকেল	২৭১৮	২৬৮৭	১.১৫%
১২	খেজুর	১০৫০০	৭৭৫০	৩৫.৪৮%

গত মাসের সাথে তুলনামুলক পর্যালোচনা ঃ

উপর্যুক্ত বাজার দর সারনীর তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, জানুয়ারি /১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে ডাব ১.৬২%,এলাচি লেবু ২১.১৫%,কাগজী লেবু ৮.২৮%, সবরী কলা ২.১৫%,সাগর কলা ১০.০৫%,শুকনা নারিকেল ১.১৫%,ও খেজুরের দাম ৩৫.৪৮% হারে বৃদ্ধি পেয়েছে। তবে চাঁপা কলার দাম অপরিবর্তিত রয়েছে । অন্য দিকে বরই ১৮.৩২%, আপেল ২.০৪%, পাকা পেপে ০.৬৫%, ও কমলার দাম ২.৫৭% হারে হ্রাস পেয়েছে।

বাজারদর হ্রাস–বৃদ্ধির কারণ :

ফলের বাজারদ দর তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, গত মাসের তুলনায় বর্তমান মাসে বেশীর ভাগ ফলের দাম বৃদ্ধি পেয়েছে । তবে বরই, আপেল,পাকা পেপে ও কমলার দাম সামান্য হ্রাস পেয়েছে।

⇨ জানুয়ারি/১৫ ফেব্রুয়ারি/১৫ মাসে ফলের গড় বাজার দরের পরিবর্তন চিত্র এক নজরে দেখা যায়। গ্রাফে বাজার দর পরিবর্তনের চিত্র নিম্নরুপঃ

(টাকা প্রতি কুইঃ ও ৮০টি)



সার্বিক পর্যালোচনাঃ কৃষি বিপণন অধিদপ্তরের সাপ্তাহিক বাজদর দর বুলেটিনের মাধ্যমে সংকলিত বিভিন্ন প্রকার ফলের বাজার দর পর্যালেনাচনা করে দেখা যায় সরবরাহ কম থাকায় জানুয়ারি/১৫ মাসের তুলনায় ফেব্রুয়ারি/১৫ মাসে ফলের দাম বেশ বৃদ্ধি পেয়েছে ।